

✓ 1.8. আসল টেবিল বলে বাস্তবিক কিছু আছে কি? (Is there a real table at all?)

সংবেদন ও ইন্দ্রিয়-উপাত্তের মধ্যে পার্থক্য (Difference between Sensations and sense-data) :

আসল টেবিল বলে বাস্তবিক কিছু আছে কি?—এই প্রশ্নটির আলোচনার সুবিধার জন্য রাসেল প্রথমে দুটি শব্দের—‘সংবেদন’ (Sensation) এবং ‘ইন্দ্রিয়-উপাত্ত’ (Sense-data) এই দুটি শব্দের—অর্থ বিশ্লেষণ-পূর্বক তাদের মধ্যে অর্থগত পার্থক্যের উল্লেখ করেছেন। সংবেদন হল, সাক্ষাৎ ইন্দ্রিয়-অভিজ্ঞতাজনিত চেতনা, আর ইন্দ্রিয়-উপাত্ত হল, সেইসব বিষয় যা চেতনার উদ্রেক করে। অর্থাৎ সংবেদনের মাধ্যমে যেসব বিষয়ের তাৎক্ষণিক জ্ঞান হয়, সে সবই হল ইন্দ্রিয় উপাত্ত। তাহলে, বর্ণ, গন্ধ, শব্দ, কাঠিন্য, বন্ধুরতা ইত্যাদি যা যা সংবেদনের তাৎক্ষণিক বিষয়, সেইসব হল ইন্দ্রিয় উপাত্ত (Sense-data)। স্পষ্টতই, সংবেদন ও ইন্দ্রিয়-

উপাত্ত অভিন্ন নয়, তাদের মধ্যে যথেষ্ট ভিন্নতা আছে। সংবেদন হল, কোন বিষয়ের তাৎক্ষণিকজ্ঞান, আর ইন্দ্রিয় উপাত্ত হল, যেসব বিষয়ের তাৎক্ষণিক জ্ঞান হয় সেইসব বিষয়। বাইরে রঙ দেখে রঙের তাৎক্ষণিক অনুভব হল সংবেদন, আর রঙ হল ইন্দ্রিয়-উপাত্ত। রঙের দিক থেকে দৃষ্টিকে অন্যদিকে ঘুরিয়ে নিলে রঙের সংবেদনটি না থাকলেও এমন বলা যাবে না যে, রঙটিও থাকে না। আমাদের বিশ্বাস অনুসারে, রঙটির তখনও সংবেদন-অতিরিক্তভাবে অস্তিত্ব থাকে। কাজেই, সংবেদন ও ইন্দ্রিয়-উপাত্ত অভিন্ন নয়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, নব্য বস্তুবাদী (Neo-realist) দার্শনিক মূরই (G. E. Moore) তাঁর 'The Main Problems of Philosophy' গ্রন্থে সর্বপ্রথম 'ইন্দ্রিয়-উপাত্ত' শব্দটি প্রয়োগ করেন এবং রাসেল শব্দটিকে প্রায় অভিন্নার্থে তাঁর 'দর্শন-সমস্যার' জ্ঞানতাত্ত্বিক আলোচনায় ব্যবহার করেন।

এখন, 'টেবিল' বলে যদি কিছু থাকে, তাহলে সেই জ্ঞান কেবল ইন্দ্রিয়-উপাত্তের সাহায্যেই সম্ভব হতে পারে—বাদামী রঙ, আয়তাকার, মসৃণতা ইত্যাদি ইন্দ্রিয়-উপাত্তকে টেবিলের সঙ্গে যুক্ত করেই টেবিলের জ্ঞান লাভ করা যেতে পারে। কিন্তু ওপরের আলোচনা (১.২.) থেকে এটা স্পষ্ট হয় যে, টেবিল ইন্দ্রিয় উপাত্ত থেকে স্বতন্ত্র বিষয় এবং ইন্দ্রিয়-উপাত্তগুলিকে টেবিলের সাক্ষাৎ ধর্মরূপে গণ্য করা চলে না। এখানে তাই সমস্যাটি হল, প্রকৃত টেবিল বলে যদি কিছু থাকে, তাহলে তার সঙ্গে ইন্দ্রিয়-উপাত্তের সম্পর্কটা কেমন? রাসেল আসল টেবিলকে (যদি তা থাকে) বলেছেন 'ভৌত বস্তু' (physical object) এবং সমুদয় ভৌত বস্তুর সমষ্টিকে বলেছেন 'জড় পদার্থ' (matter)। কাজেই, আগের দুটি গুরুত্বপূর্ণ প্রশ্নকে (১. ৩. দেখ) রাসেল কিছুটা পরিবর্তিত আকারে এভাবে প্রকাশ করেছেন : (i) জড় পদার্থ বলে বাস্তবিক কিছু আছে কী? (ii) যদি থাকে তাহলে তা কেমন, অর্থাৎ তার স্বরূপ কী? রাসেল এখানে কেবল প্রথম প্রশ্নটির—'জড় পদার্থ বলে কিছু আছে কী? এই প্রশ্নটির আলোচনা করেছেন।